

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
জেলা কার্যালয়, যশোর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
Email:ddjessore@dnc.gov.bd

নোটিশ:

নথি নং-৫৮.০২.৪১০০.১৮৭.২৭.২৫১.১৯- ৫২৬ (৪)

তারিখ: ২৮/১১/২০২৩

বিষয়: 'মাদক বিরোধী শ্লোগান সম্বলিত ব্যাগ, মগ, টি-শার্ট, ছাতা, ক্যাপ ও টিসু বক্স' ক্রয়ের কোটেশন/দরপত্র বিজ্ঞপ্তি।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর নির্দেশ মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর চলতি অর্থ বছরে (২০২৩-২০২৪) রাজস্ব বাজেটের আওতায় সরবরাহকৃত সিডিউল মোতাবেক 'মাদক বিরোধী শ্লোগান সম্বলিত ব্যাগ, মগ, টি-শার্ট, ছাতা, ক্যাপ ও টিসু বক্স' ক্রয়ের জন্য কোটেশন/দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে সরবরাহ করতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন/দরপত্র আহ্বান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক পূরণপূর্বক নিজস্ব প্যাডে আগামী ০৫/১২/২০২৩ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার মধ্যে দাখিল করতে বলা হলো।

শর্তাবলী:-

- ১। কোটেশন/দরপত্রের সহিত সত্যায়িত ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সমর্থনের সনদ পত্র, 'TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ২। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৩। দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘয়ামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- ৪। আবশ্যিক সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে করতে হবে।
- ৫। অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করিবে তা সংযুক্ত করতে পারবে।
- ৬। কোটেশন/দরপত্রসমূহ আগামী ০৫/১২/২০২৩ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর এর দপ্তরে টেন্ডার বক্সে দাখিল করতে পারবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই কোন দরপত্র কোটেশন গ্রহণ করা যাবে না। একই দিন দুপুর ১৩:০০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
- ৭। কার্যদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে কার্য সম্পন্ন করতে হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ৯। সরবরাহকৃত 'মাদক বিরোধী শ্লোগান সম্বলিত ব্যাগ, মগ, টি-শার্ট, ছাতা, ক্যাপ ও টিসু বক্স' তে কোন ক্রটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই মেরামতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন করে দিতে বাধ্য থাকিবেন। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।
- ১০। শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুণ পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসেবে গণ্য হবে।

*Aslam*  
28/11/23

(মোঃ আসলাম হোসেন)

উপপরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

জেলা কার্যালয়, যশোর।

ফোন: ০২৪৭-৭৭৬১১৭৯

বিতরণঃ

- ১। নোটিশ বোর্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
- ৩। নোটিশ বোর্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর।
- ৪। নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
জেলা কার্যালয়, যশোর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
Email: ddjessore@dnc.gov.bd

চাহিদাপত্রঃ

ক্রমিক নং	পণ্যের বিবরণ	পরিমাণ	মন্তব্য
০১	মাদক বিরোধী স্লোগান সম্বলিত টি-শার্ট	৭৫ পিস	
০২	মাদক বিরোধী স্লোগান সম্বলিত ছাতা	৭৫ পিস	
০৩	মাদক বিরোধী স্লোগান সম্বলিত মগ	১০০ পিস	
০৪	মাদক বিরোধী স্লোগান সম্বলিত ব্যাগ	৭৫ পিস	
০৫	মাদক বিরোধী স্লোগান সম্বলিত ক্যাপ	১০০ পিস	
০৬	মাদক বিরোধী স্লোগান সম্বলিত টিসু বক্স	৭৪ পিস	

*Aslam*  
28/11/23

(মোঃ আসলাম হোসেন)

উপপরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

জেলা কার্যালয়, যশোর।

ফোন: ০২৪৭-৭৭৬১১৭৯